



জাতীয় মানবাধিকার কমিশন

(জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা গঠিত সংবিধিবদ্ধ স্বাধীন প্রতিষ্ঠান)

গুলফেশাঁ প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার ঢাকা-১২১৭

চেয়ারম্যান # ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য # ৯৩৩৬৩৬৯, সচিব # ৯৩৩৬৮৬৩

ফ্যাক্স # ৮৩৩৩২১৯, ই-মেইল: nhrc.bd@gmail.com

স্মারক নং: জামাক/বিবিধ/০৬/০৮/৬০৭

তারিখ: ০৩/০৩/২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

গত বৃহস্পতিবার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল কর্তৃক যুদ্ধাপরাধের দায়ে জামায়াত নেতা দেলাওয়ার হোসাইন সাঈদীর বিরুদ্ধে দেয়া ফাঁসি আদেশ প্রত্যাখ্যান করে জামায়াত-শিবির দেশব্যাপী সহিংসতা ও তাণ্ডব চালাচ্ছে। এ সহিংসতায় ইতোমধ্যে নিরপরাধ নারী, শিশু ও বৃদ্ধসহ অর্ধশতাধিক মানুষের প্রাণহানি ঘটেছে। অনেকের ঘরবাড়ি-বসতভিটা পুড়িয়ে দেয়া হয়েছে। রাষ্ট্রীয় সম্পদের ব্যাপক ক্ষতি করা হয়েছে। উদ্ভূত এ পরিস্থিতি কারও কাম্য নয়। কমিশন অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, ইতোমধ্যে দেশের বিভিন্ন অঞ্চলে সংখ্যালঘু সম্প্রদায়ের উপর পরিকল্পিতভাবে হামলা চালানো হয়েছে। জামায়াত শিবিরের এ হামলায় সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়িঘর এমনকি ধর্মীয় উপাসনালয়েও আগুন দেয়া হয়েছে। সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর এ বর্বরোচিত হামলা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

যেকোন ধরনের অস্বাভাবিক মৃত্যু অনাকাঙ্ক্ষিত ও দুঃখজনক। কমিশন লক্ষ্য করছে যে, জামায়াত-শিবির কর্তৃক দেশের বিভিন্ন অঞ্চলে পুলিশের ওপর হামলা চালিয়ে পুলিশ বাহিনীর প্রায় ছয় সদস্য এর অধিক সদস্যকে নৃশংসভাবে খুন করা হয়েছে। জাতীয় মানবাধিকার কমিশন সংখ্যালঘু সম্প্রদায়ের উপর এ হামলা বন্ধে সরকারকে কার্যকর পদক্ষেপ নিতে অনুরোধ করছে এবং সকলকে আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকার জন্য আহবান জানাচ্ছে।

উল্লেখ্য, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল যুদ্ধাপরাধের বিচার সংক্রান্ত আন্তর্জাতিক মান বজায় রেখে ১৯৭৩ সালে প্রণীত আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি আদালত। এ আদালতের রায়ের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষ আইনানুগ উপায়ে অর্থাৎ আপিলের মাধ্যমে আইনী প্রতিকার পেতে পারে।

জাতীয় মানবাধিকার কমিশন উদ্ভূত পরিস্থিতি মোকাবেলায় মানবাধিকারের দৃষ্টিভঙ্গি থেকে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীসহ সকল রাজনৈতিক দল, বিশিষ্ট নাগরিক ও সুশীল সমাজকে শান্তি ও শৃংখলা বজায় রাখার স্বার্থে স্ব স্ব অবস্থানে থেকে আইনানুগ ও দায়িত্বশীল ভূমিকা পালনের আহবান জানাচ্ছে।

শামীম আহাম্মদ

সচিব (ভারপ্রাপ্ত)

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

ফোন: ৮৩৩১৪৯২(অফিস)।